



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/24/2022

গভর্নর ক্যাথি হোকল

নিউ ইয়র্ক স্টেটের আইনসভার বিশেষ অধিবেশন 30 জুন অনুষ্ঠিত হবে বলে গভর্নর হোকলের ঘোষণা

*NYSRPA বনাম ক্রয়েন মামলায় সুপ্রিম কোর্টের সিদ্ধান্তের প্রাক্কালে আগ্নেয়াস্ত্র নিরাপত্তা আইন পাশের জন্য এই বিশেষ অধিবেশন আহ্বান করা হয়েছে*

*বিশেষ অধিবেশনের ঘোষণাপত্রটি [এখানে](#) পাওয়া যাবে*

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে *NYSRPA বনাম ক্রয়েন* মামলায় যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের সিদ্ধান্তের প্রতি সাড়া দিয়ে নতুন আগ্নেয়াস্ত্র নিরাপত্তা আইন পাশের জন্য তিনি 30 জুন তারিখে নিউ ইয়র্ক স্টেটের আইনসভার একটি বিশেষ অধিবেশন আহ্বান করেছেন।

"নিউ ইয়র্কের শতাব্দী পুরোনো গোপনে আগ্নেয়াস্ত্র বহনের আইনকে বাতিল করার জন্য সুপ্রিম কোর্টের বেপরোয়া ও নিন্দনীয় সিদ্ধান্ত এখানে নিউ ইয়র্কে মানুষের জীবনকে ঝুঁকির মুখে ফেলে দিয়েছে" বলেছেন গভর্নর হোকল। "এই সিদ্ধান্ত প্রকাশ হওয়ার পর থেকে, এই রায়ের প্রতি সাড়া দিয়ে নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখার জন্য একটি আগ্নেয়াস্ত্র নিরাপত্তা বিল তৈরি করতে আমি আইন পরিষদে আমাদের অংশীদারদের সঙ্গে সার্বক্ষণিকভাবে কাজ করে যাচ্ছি। নিউ ইয়র্কবাসীদেরকে নিরাপদ রাখাটা গভর্নর হিসেবে সবসময় আমার শীর্ষ অগ্রাধিকার থাকবে।"

বিশেষ অধিবেশন আয়োজন সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণাপত্রটি [এখানে](#) দেখা যাবে

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)